

**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুলহু**  
**বিসমিল্লাহির রহমাহির রহীম**

"যে ব্যক্তি আল্লাহ, রাসূল ও মুমিনদের সাথে বন্ধুত্ব রাখে, সে আল্লাহর সেনাবাহিনীর অন্তর্ভুক্ত। এবং আল্লাহর সেনাবাহিনীই জয়যুক্ত হবে।"

আল্লাহর দ্বীনের পথে প্রচেষ্টাকারী দলকে আল্লাহ সাহায্য করেন। এবং আল্লাহর সাহায্যে তারা দুনিয়ায় বিজয় লাভ করে। এবং আখেরাতেও রয়েছে তাদের জন্য বড় পুরস্কার জান্নাত ও আল্লাহর সন্তুষ্টি।

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা মায়িদা আয়াত ৫৬**

**فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ**  
 নিশ্চয়ই আল্লাহর দল বিজয়ী হবে

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আনফাল ৬৫**

**إِنْ يَكُنْ مِنْكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتِينَ**  
 তোমাদের মধ্যে ২০ জন ধৈর্যশীল থাকলে ২০০ জনের উপর বিজয়ী হবে

**وَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ يَغْلِبُوا أَلْفًا مِّنَ الَّذِينَ كَفَرُوا**  
 এবং তোমাদের মধ্যে ১০০ জন থাকলে ১০০০ কাফেরের উপর বিজয়ী হবে

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আনফাল ৬৬**

**الَّذِينَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا**

এখন আল্লাহ তোমাদের ভার লাঘব করলেন। তিনি তো অবগত আছেন যে তোমাদের মধ্যে দুর্বলতা আছে।

**فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ**  
 সুতরাং তোমাদের মধ্যে ১০০ জন ধৈর্যশীল থাকলে ২০০ জনের উপর বিজয়ী হবে

**وَإِنْ يَكُنْ مِنْكُمْ أَلْفٌ يَغْلِبُوا أَلْفَيْنِ بِإِذْنِ اللَّهِ**  
 আর তোমাদের মধ্যে ১০০০ জন থাকলে, আল্লাহর হুকুমে তারা ২০০০ জনের উপর বিজয়ী হবে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা বাকারা আয়াত ১৪৯

**كَمْ مِّن فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ**

আল্লাহর হুকুমে কত ছোট দল বড় দলকে পরাজিত করেছে।

পবিত্র কোরআনে বহু জাতির উদাহরণ আল্লাহ দিয়েছেন। সে সমস্ত জাতিকে আল্লাহর বিরোধিতার জন্য আল্লাহ ধ্বংস করেছেন। নবী ও তাঁর অনুসারীদেরকে আল্লাহ রক্ষা করেছেন। নূহের কওম, আদ, সামুদ, লুত, সালেহ আর কওম, ফেরাউনের কওমকে আল্লাহ কঠিন আযাব দিয়ে দুনিয়াতেই ধ্বংস করেছেন এবং বিচারের দিন তাদেরকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। নবী ও নবীর অনুসারীদেরকে দুনিয়াতে আল্লাহ সাহায্য করেছেন এবং আখেরাতে তাদেরকে দান করবেন চিরস্থায়ী জান্নাত।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আলে ইমরান আয়াত ১২

**قُلْ لِلَّذِينَ كَفَرُوا سِتٌّ لَّهُمْ وَأَنْتُمْ سِتٌّ لَّهُمْ وَأَنْتُمْ سِتٌّ لَّهُمْ**

যারা অবিশ্বাস করেছে তাদেরকে বল, অচিরেই তোমরা পরাজিত হবে এবং জাহান্নামে একত্রিত হবে। আর এটা কতই না নিকৃষ্ট স্থান।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আলে ইমরান আয়াত ১৬০

**إِنْ يَنْصُرْكُمُ اللَّهُ فَلَا غَالِبَ لَكُمْ وَإِنْ يَخْذُلْكُمْ فَمَنْ ذَا الَّذِي يَنْصُرْكُمْ مِنْ بَعْدِهِ وَ عَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ**

যদি আল্লাহ তোমাদেরকে সাহায্য করেন তাহলে কেহই তোমাদের উপর জয়যুক্ত হবেনা; এবং যদি তিনি তোমাদেরকে পরিত্যাগ করেন তাহলে তাঁর পরে আর কে আছে যে তোমাদেরকে সাহায্য করতে পারে? এবং বিশ্বাসীগণ আল্লাহর উপরেই নির্ভর করে থাকে।

**আল্লাহর দলভুক্ত কারা?**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা মায়িদাহ আয়াত ৫৬

**وَمَنْ يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ**

যে ব্যক্তি আল্লাহ, তার রাসূল এবং মুমিনদের সাথে বন্ধুত্ব রাখে সে আল্লাহর সেনাবাহিনীর অন্তর্ভুক্ত এবং আল্লাহর সেনাবাহিনীর জয়যুক্ত হবে।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আল্লাহ, তার রাসূল এবং মুমিনদেরকে আমরা বন্ধু হিসাবে গ্রহণ করি। আল্লাহ ও তার রাসূলের নির্ধারিত পথে দুনিয়ায় আমরা জীবনযাপন করি। আশা করা যায় আমরা আল্লাহর সাহায্যপ্রাপ্ত হবে। এবং দুনিয়া ও আখেরাতে আল্লাহ আমাদেরকে বিজয় দান করবেন ও পুরস্কৃত করবেন।

**আমীন**

**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**